



MINISTRY OF
MANPOWER

CONNECT

with

ACE

অভিবাসী কর্মীদের জন্য মাসিক
ই-নিউজলেটার



ফেব্রুয়ারি
২০২২



এই প্রকাশনায় রয়েছে:

মূল ঘোষণা

প্রতারণা থেকে নিজেকে রক্ষা
করুন!

চন্দ্র নববর্ষ উদযাপনের
হাইলাইট

মূল ঘোষণা



রোস্টার্ড রুটিন টেস্টিং (RRT)সরিয়ে ফেলা

আপনি যদি নিচের কোনো মানদণ্ড পূরণ করে থাকেন তাহলে আপনাকে আর RRT করানোর জন্য যেতে হবে না:

- ১। আপনি সম্পূর্ণরূপে টিকা নিয়েছেন এবং একটি ডরমিটরিতে* থাকেন।
- ২। আপনি বর্তমানে কন্সট্রাকশন, মেরিন শিপইয়ার্ড এবং প্রসেস সেক্টরে কাজ করছেন।
- ৩। আপনি ডরমিটরি, অনবোর্ডিং সেন্টার এবং বিনোদন কেন্দ্রে কাজ করা একজন ফ্রন্টলাইন কর্মী।

*রানি এবং পাসির পাঞ্জাং ডরমিটরিতে বসবাসরত
অভিবাসী কর্মীদের বাদ দিয়ে

নতুন প্রাথমিক স্বাস্থ্যসেবা পরিকল্পনা (PCP)

আপনি যদি একজন ওয়ার্ক পারমিট বা এস পাস হোল্ডার হন যারা ডরমিটরিতে থাকেন বা কনস্ট্রাকশন, মেরিন শিপইয়ার্ড এবং প্রসেস সেক্টরে কাজ করেন, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই **৩১শে মার্চ ২০২৩ এর মধ্যে** আপনার জন্য একটি PCP কিনতে হবে এমনকি যদি আপনার ওয়ার্ক পাস ১লা এপ্রিল ২০২২ থেকে ৩১শে মার্চ ২০২৩ - এর মধ্যে নবায়নের প্রয়োজন না হলেও।

নতুন আগত কর্মীরা বা যে সকল কর্মীরা এখানে আছেন যারা তাদের ওয়ার্ক পাস ১লা এপ্রিল থেকে পুনরায় নবায়ন করবেন, নতুন ওয়ার্ক পাস ইস্যু করার আগে তাদের নিয়োগকর্তাকে PCP কিনতে হবে। PCP এর সুবিধা সম্পর্কে আরও তথ্যের জন্য, PCP বুলেটিন দেখতে [এখানে](#) ক্লিক করুন।



প্রতারণার শিকার হবেন না!

SCAM
ALERT



সরকারী সংস্থা যেমন পুলিশ বা জনশক্তি মন্ত্রণালয় আপনার কাছে টাকা বা আপনার পাসওয়ার্ড চাইবে না

সিঙ্গাপুরের ব্যাঙ্ক এবং সরকারী সংস্থাগুলির কলগুলিতে কলারের নম্বরের সামনে "+65" থাকবে না।

অপরিচিত কোনো ব্যক্তিকে টাকা ট্রান্সফার করবেন না, তার সাথে আপনার ব্যাঙ্কের বিবরণ বা ওয়ান-টাইম পাসওয়ার্ড শেয়ার করবেন না



পরামর্শের জন্য নীচের নম্বরগুলিতে কল করুন:

1800 722 6688 (অ্যান্টি-স্ক্যাম হেল্প-লাইন)
সোম-শুক্র, সকাল ৯ টা থেকে বিকেল ৫ টা,
সরকারী ছুটির দিন বাদে

1800 255 0000 (পুলিশ হট-লাইন)

আপনি যদি মনে করেন যে আপনি প্রতারিত হয়েছেন, তাহলে আপনার FAST অফিসারদের জানান এবং উপরের নম্বরগুলিতে কল করুন

আমরা আপনাকে সাহায্য করার জন্য এখানে আছি। প্রতারণা-সম্পর্কিত পরামর্শ সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে প্রতারণা সম্পর্কে সতর্কতা ওয়েবসাইট দেখুন।

যদি এটি এতো বেশি ভাল শোনায় যা সত্য বলে মনে হওয়া কঠিন, তাহলে সেটি সম্ভবত একটি প্রতারণা

আমাদের অভিবাসী কর্মী থেকে একটি বার্তা

বাংলাদেশের একজন অভিবাসী কর্মী ইসলাম রকিবুলের সাথে দেখা করুন। তিনি আমাদের সাথে যা শেয়ার করতে চান তা এখানে রয়েছে:

আমি যখন মোস্তফা সেন্টারে ছিলাম, তখন একজন ব্যক্তি MOM অফিসার হওয়ার ভান করে আমার কাছে আসেন এবং আমাকে বলেন যে আমাকে \$৩০০ জরিমানা করা হয়েছে। যেহেতু আমি জানতাম যে MOM আমাকে কখনই ঘটনাস্থলে টাকা দিতে বলবেন না এবং সে তার আইডি দেখাতে পারেনি, আমি দ্রুত পুলিশকে ফোন করি, এবং সে পালিয়ে যায়। আমার বন্ধুদেরকে বলছি, দয়া করে ভয় পাবেন না। আপনার কাছে কোনো কিছু ঠিক মনে না হলে, সাহায্যের জন্য পুলিশকে কল করুন।



ইভেন্ট হাইলাইট (চন্দ্র নববর্ষ সংস্করণ)



ওয়েস্টলাইট ক্রানজি ডরমিটরিতে উদযাপন!

আমাদের অভিবাসী কর্মীদের সাথে চন্দ্র নববর্ষ (চীনা নতুন বছর) উদযাপনের জন্য আমাদের অংশীদারদের সাথে বিভিন্ন অনুষ্ঠান উদযাপন করা হয়েছিল!

৬ই ফেব্রুয়ারী ২০২২-এ জনশক্তি মন্ত্রী ডঃ তান সি লেং এবং সিনিয়র স্টেট মন্ত্রী ডঃ কো পোহ কুন ওয়েস্টলাইট ক্রানজির বাসিন্দাদের সাথে উৎসবের ছুটি উদযাপন করেন। সেদিনের কিছু কার্যক্রমের মধ্যে ছিল ক্যালিগ্রাফি, গুডি ব্যাগ বিতরণ এবং চিত্রাঙ্কন ও কারুশিল্প কর্মশালা।



সিঙ্গাপুর চাইনিজ কালচারাল সেন্টারে ভ্রমণ

১৩ই ফেব্রুয়ারি, আমাদের এনজিও পার্টনার, কোভিড-১৯ মাইগ্রেন্ট সাপোর্ট কোয়ালিশন (CMSC) এর সাথে, MOM বিভিন্ন ডরমিটরি থেকে একদল অভিবাসী কর্মীদের নিয়ে আসে সিঙ্গাপুর চাইনিজ কালচারাল সেন্টারে (SCCC) যেখানে তারা সিঙ্গাপুরের বহু-সাংস্কৃতিক পরিচয় সম্পর্কে আমাদের ইতিহাস, খাবার এবং উৎসবের মাধ্যমে আরো জানতে পারে।

আমাদের সাথে ভ্রমণের এই সহ-আয়োজন করার জন্য CMSC এবং SCCC কে অনেক ধন্যবাদ জানাই!



বিনোদন কেন্দ্রে উদযাপন

ক্রানজি রিক্রিয়েশন সেন্টারেও কার্যক্রম অনুষ্ঠিত হয়। তারা লর্নন কর্মশালা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করে। বিভিন্ন বিনোদন কেন্দ্রে ম্যান্ডারিন কমলাও বিতরণ করা হয়েছিল।



বিভিন্ন শারীরিক এবং অনলাইন কার্যক্রমে আপনার অংশগ্রহণ করা সম্পর্কে আরো জানতে এখানে QR কোডটি স্ক্যান করুন!



সর্বশেষ খবর এবং আপডেট পেতে আমাদের অফিসিয়াল চ্যানেলে আমাদের অনুসরণ করুন!

[f MOM](#) এর ফেসবুক পেজ

[y MOM](#) এর ইউটিউব চ্যানেল

[globe MOM](#) এর ওয়েবসাইট